



তারিখ: ৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

শোকবার্তা

বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী, মুসলিম বিশ্বের দ্বিতীয় মহিলা প্রধানমন্ত্রী, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন **বেগম খালেদা জিয়া**-এর ইন্তেকালে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক, বেদনা ও শ্রদ্ধা নিবেদন করছে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বেগম খালেদা জিয়া ছিলেন স্বাধীনতা-উত্তর বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক দৃঢ়চেতা, প্রভাবশালী ও সাহসী রাষ্ট্রনায়ক। দীর্ঘ ও বন্ধুর রাজনৈতিক পথচলায় তিনি গণতন্ত্র, সাংবিধানিক শাসনব্যবস্থা এবং রাষ্ট্রীয় সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে আপসহীন অবস্থান গ্রহণ করেছেন। অসংখ্য সংকট, বৈরী সময় ও ব্যক্তিগত ত্যাগের মধ্য দিয়েও তিনি যে নেতৃত্ব ও দৃঢ়তা প্রদর্শন করেছেন—তা তাঁকে কেবল একটি রাজনৈতিক দলের নয়, বরং জাতীয় রাজনীতির এক অনিবার্য ও অভূতপূর্ব আইকনে পরিণত করেছে।

একজন নারী হিসেবে রাষ্ট্রক্ষমতার শীর্ষে তাঁর অধিষ্ঠান এ দেশের নারীর রাজনৈতিক ক্ষমতায়ন ও আত্মবিশ্বাসের ইতিহাসে একটি যুগান্তকারী দৃষ্টান্ত। তাঁর রাজনৈতিক জীবন, সংগ্রাম ও অবদান বাংলাদেশের গণতান্ত্রিক অভিযাত্রার সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত হয়ে থাকবে। তাঁর মৃত্যুতে দেশ একজন প্রবীণ রাষ্ট্রনায়ক, অভিজ্ঞ রাজনৈতিক অভিভাবক এবং সময়ের পরীক্ষায় উত্তীর্ণ নেতৃত্বকে হারালো—যা নিঃসন্দেহে জাতির জন্য এক গভীর ও অপূরণীয় ক্ষতি।

এই শোকাবহ মুহূর্তে রাষ্ট্রীয় শোক কর্মসূচির প্রতি সম্মান জানিয়ে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মরহুমার স্মরণে তিন (৩) দিনের শোক পালন, জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, কালো ব্যাজ ধারণ এবং ক্লাস ও পরীক্ষা স্থগিতসহ প্রয়োজনীয় সকল কর্মসূচি গ্রহণ করেছে। এসব কর্মসূচির মাধ্যমে বিশ্ববিদ্যালয় পরিবার মরহুমার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছে এবং জাতীয় শোকের সঙ্গে একাত্মতা প্রকাশ করছে।

কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে আমরা মরহুমা **বেগম খালেদা জিয়া**-এর তাঁর বিদেহী আত্মার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি এবং শোকাহত পরিবারসহ সমগ্র দেশবাসীর প্রতি এই শোক সহ্য করার মানসিক শক্তি ও সহনশীলতা কামনা করছি। তাঁর অম্লান স্মৃতি হোক জাতীয় জীবনে আমাদের পাথেয়।

Zona

অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া
উপাচার্য
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
কিশোরগঞ্জ-২৩০০, বাংলাদেশ